গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৬৯.১৯.০০১১.১৮.১৩০৩

তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তার অনুকূলে তাঁর নামের পার্শ্বে বর্ণিত বিশ্ববিদ্যালয়ের অধীনে পিএইচডি (খণ্ডকালীন) গবেষণা কোর্সে নিম্নোক্ত শর্তে অধ্যয়নের অনুমতি প্রদান করা হলো:

ক্রমিক	নাম, পদবী ও কর্মস্থল	কোর্স, শিক্ষাবর্ষ, বিশ্ববিদ্যালয় ও গবেষণার শিরোনাম
০১	জনাব গোলাম মোস্তফা (১৫৫৯৭), সহযোগী অধ্যাপক (বাংলা), নেত্রকোণা সরকারি কলেজ, নেত্রকোণা।	পিএইচডি (খণ্ডকালীন) শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ। গবেষণার শিরোনাম: “হাওড় অঞ্চলের বাউল গান”

শর্তাবলী:
ক) নিজ খরচে সম্পূর্ণ কোর্স সম্পন্ন করতে হবে;
খ) খণ্ডকালীন কোর্সে অধ্যয়নের কারণে সরকারি দায়িত্ব পালনে বিঘ্ন ঘটাতে পারবেন না; কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের দিন ব্যতিত অধ্যয়নের কারণে কোন প্রকার ছুটি প্রদান করা হবে না;
গ) উচ্চতর ডিগ্রি সম্পন্নকালীন গবেষণার বিষয়টিকে অন্যত্র বদলী হওয়ার বা না হওয়ার কারণ হিসেবে ব্যবহার করা যাবে না;
ঘ) কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোর্সের বিষয়/শিরোনাম পরিবর্তন করতে পারবেন না;
ঙ) যথাসময়ে কোর্স সমাপ্তির পর কোর্স সমাপনীর প্রতিবেদন ও সার্টিফিকেটের কপি মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে দাখিল করতে হবে এবং
চ) কোর্স সম্পন্ন করে গবেষণা কর্মের উপর একটি প্রেজেন্টেশন প্রদান করতে হবে।

০২. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
১০-১১-২০২৬
ড. জান্নাতুল ফেরদৌস
উপসচিব

নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৬৯.১৯.০০১১.১৮.১৩০৩/১ (৯)

তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
২। অধ্যক্ষ, নেত্রকোণা সরকারি কলেজ, নেত্রকোণা।
৩। রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।

৪। সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ৪৫ পুরানা পল্টন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। জনাব গোলাম মোস্তফা (১৫৫৯৭), সহযোগী অধ্যাপক (বাংলা), নেত্রকোণা সরকারি কলেজ, নেত্রকোণা।
৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৮। ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৯। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ...।





১০-১১-২০২৬
ড. জান্নাতুল ফেরদৌস
উপসচিব